

# কোম্পানী (সংশোধন) আইন, ২০২০

( ২০২০ সনের ৭ নং আইন )

## কোম্পানী আইন, ১৯৯৪ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

সংক্ষিপ্ত  
শিরোনাম ও  
প্রবর্তন

১। (১) এই আইন কোম্পানী (সংশোধন) আইন, ২০২০ নামে  
অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

১৯৯৪ সনের  
১৮ নং  
আইনের  
ধারা ২ এর  
সংশোধন

২। কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন), অতঃপর উক্ত  
আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর উপ-ধারা (১) এর দফা (ঠ) এর প্রথম  
শর্তাংশের “কোন দলিলে কোম্পানীর সাধারণ সীলমোহর অংকিত করা,”  
শব্দগুলি ও কমা বিলুপ্ত হইবে।

১৯৯৪ সনের  
১৮ নং  
আইনের  
ধারা ২৪ এর  
সংশোধন

৩। উক্ত আইনের ধারা ২৪ এর উপ-ধারা (২) এর “ও একটি  
সাধারণ সীলমোহর” শব্দগুলি বিলুপ্ত হইবে।

১৯৯৪ সনের  
১৮ নং  
আইনের  
ধারা ৩১ এর  
সংশোধন

৪। উক্ত আইনের ধারা ৩১ এর “সাধারণ সীলমোহরযুক্ত”  
শব্দগুলি বিলুপ্ত হইবে।

১৯৯৪ সনের  
১৮ নং  
আইনের  
ধারা ৪৬ এর  
সংশোধন

৫। উক্ত আইনের ধারা ৪৬ এর উপ-ধারা (১) এর "উহার সাধারণ সীলমোহর যুক্ত করিয়া" শব্দগুলি বিলুপ্ত হইবে।

১৯৯৪ সনের  
১৮ নং  
আইনের  
ধারা ৭৮ এর  
সংশোধন

৬। উক্ত আইনের ধারা ৭৮ এর দফা (খ) বিলুপ্ত হইবে।

১৯৯৪ সনের  
১৮ নং  
আইনের  
ধারা ৭৯ এর  
সংশোধন

৭। উক্ত আইনের ধারা ৭৯ এর উপ-ধারা (২) এর দফা (ক) বিলুপ্ত হইবে।

১৯৯৪ সনের  
১৮ নং  
আইনের  
ধারা ৮৫ এর  
সংশোধন

৮। উক্ত আইনের ধারা ৮৫ এর উপ-ধারা (২) এর দফা (চ) এ উল্লিখিত "উহার সীলমোহর নতুবা" শব্দগুলি বিলুপ্ত হইবে।

১৯৯৪ সনের  
১৮ নং  
আইনের  
ধারা ১২৮  
এর  
প্রতিস্থাপন

৯। উক্ত আইনের ধারা ১২৮ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ১২৮ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"১২৮। দলিল সম্পাদনা।- কোম্পানী লিখিতভাবে যে কোন ব্যক্তিকে সাধারণভাবে অথবা যে কোন নির্দিষ্ট ক্ষেত্রে বাংলাদেশের ভিতর বা বাহিরে যে কোন স্থানে উহার পক্ষে দলিল সম্পাদনের জন্য উহার এটর্নী হিসাবে ক্ষমতা প্রদান করিতে পারিবে; এবং কোম্পানীর পক্ষে উক্ত এটর্নী কোন দলিলে স্বাক্ষর করিলে দলিলটি কার্যকর হইবে এবং কোম্পানীর উপর উহা বাধ্যকর হইবে।" ।

১৯৯৪ সনের  
১৮ নং  
আইনের  
ধারা ১২৯  
এর  
প্রতিস্থাপন

১০। উক্ত আইনের ধারা ১২৯ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ১২৯ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-